কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়

ভোকেশনাল মোড়, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম-৫৬০০।

পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মহোদয়ের শুভেচ্ছা বার্তা।

পবিত্র ঈদ-উল-ফিতর মুসলিম উম্মাহর জন্য এক মহিমান্বিত ও আনন্দঘন উৎসব। দীর্ঘ এক মাস সিয়াম সাধনার পর আত্মশুদ্ধি, সংযম ও তাকওয়ার শিক্ষা নিয়ে আমাদের মাঝে ফিরে আসে এই পবিত্র দিন। আমি কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীসহ দেশবাসীকে জানাই পবিত্র ঈদ উল ফিতরের আন্তরিক শুভেচ্ছা ও ঈদ মোবারক।

রমজান আমাদের ধৈর্য, সহনশীলতা, ত্যাগ ও মানবিকতার শিক্ষা দেয়। এই মাসে অর্জিত মহান মূল্যবোধগুলো আমাদের ব্যক্তিগত, সামাজিক ও জাতীয় জীবনে প্রতিফলিত হোক এই কামনা করি। ঈদ আমাদের মাঝে ভ্রাতৃত্ব, সাম্য, সম্প্রীতি ও পারস্পরিক সহমর্মিতার বন্ধনকে আরও সুদৃঢ় করে। আমরা যেন ধনী-গরিবের ভেদাভেদ ভুলে গিয়ে সবার সাথে ঈদের আনন্দ ভাগাভাগি করি।

পবিত্র ঈদের এই আনন্দঘন মুহূর্তে মহান আল্লাহর নিকট প্রার্থনা করি তিনি যেন আমাদের সকলের জীবনকে শান্তি, সমৃদ্ধি ও কল্যাণে ভরে দেন এবং আমাদের দেশকে আরও উন্নত ও সমৃদ্ধ করে তোলেন।

সবাইকে আবারও জানাই পবিত্র ঈদ-উল-ফিতরের শুভেচ্ছা।

ঈদ মোবারক।

প্রফেসর ড. মুহঃ রাশেদুল ইসলাম
উপাচার্য
কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়